দৈনিক ইত্তেফাক

তারিখ 03 JAN 2016
পৃষ্ঠা ২০ কলাম ৪

# কুমিল্লা মেডিক্যালে ডাক্তার ধর্মঘট

## ৪ ইন্টার্নিকে লাঞ্ছনার প্রতিক্রিয়ায় হাসপাতালে অচলাবস্থা

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা মেডিক্যাল কলেজ (কুমেক) হাসপাতালে রোগীর স্বজনদের হাতে ৪ ইন্টার্ন চিকিৎসক লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে গতকাল শনিবার সকাল থেকে ওই হাসপাতালে চিকিৎসকদের অনির্দিষ্টকালের ধর্মঘট শুরু হয়েছে। হাসপাতালে চিকিৎসাসেবায় অনেকটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে। এ ঘটনার ৪ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে হাসপাতাল কর্তৃপক্ষ। হাসপাতালে রোগীদের নিয়ে চরম দুর্ভোগে পড়েছেন স্বজনরা। সন্ধ্যায় এ রিপোর্ট লেখা পর্যন্ত পুলিশ ৪ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ ও কুমেক হাসপাতাল সূত্রে জানা যায়, শুক্রবার রাত সাড়ে ১১টার দিকে কুমিল্লা নগরীরমুন্সেফবাড়ী এলাকার সবুজ তার ৩ বন্ধু সজীব, নাজমুল হাসান ও রাজনকে নিয়ে অসুস্থ অবস্থায় চিকিৎসার জন্য হাসপাতালে আসেন। এরপর তারা রোগী ভর্তি

পৃষ্ঠা ২ কলাম ৪

## কুমিল্লা মেডিক্যালে

২০ পৃষ্ঠার পর

নিয়ে চিকিৎসকদের সঙ্গে বাক-বিতণ্ডায় জড়িয়ে পড়েন। এক পর্যায়ে তারা ৪ ইন্টার্ন চিকিৎসক আবদুল হান্নান, হিমেল, ইমতিয়াজ ও নাদিয়াকে মারধর করেন। এর মধ্যে হান্নান ও হিমেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ঘটনার প্রতিবাদে শনিবার সকালে অনির্দিষ্টকালের ধর্মঘট আহ্বান করে হাসপাতালে চিকিৎসাসেবা বন্ধ করে দিয়েছেন ইন্টার্ন চিকিৎসকরা। অবিলম্বে হামলাকারীদের গ্রেফতার ও বিচারের দাবিতে ইন্টার্ন চিকিৎসকরা দুপুরে হাসপাতালের সামনে মানববন্ধন করেন।

কুমেক হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক এবিএম খুরশীদ আলম জানান, চিকিৎসকদের উপর হামলা ও লাঞ্ছিত করার ঘটনায় কুমিল্লা মেডিক্যাল কলেজের উপাধ্যক্ষ কে.এ মান্নানকে প্রধান করে ৪ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ইন্টার্ন চিকিৎসক অ্যাসোসিয়েশনের সভাপতি ডা. বাছেদ আহমেদ সরকার বাদী হয়ে কোতোয়ালি থানায় মামলা করেছেন। কোতোয়ালি মডেল থানার ওসি মো. আবদুর রব জানান, এ ঘটনায় পুলিশ রাজন, সবুজ, সজীব, নাজমুল হাসানকে গ্রেফতার করেছে। তবে গ্রেফতারকৃতদের স্বজনরা জানান, চিকিৎসা সেবা নিতে গিয়ে সময়মতো ডাক্তার না পেয়ে প্রতিবাদ করায় এ অপ্রীতিকর ঘটনা ঘটেছে। জেলার বুড়িচংয়ের জালাল মিয়া, আবুল হোসেন, দেবীদ্বারের আবু কাউসার, চৌদ্দগ্রামের আরিফ মিয়াসহ রোগীর স্বজনরা জানান, চিকিৎসাসেবা নিতে এসে ডাক্তারদের ধর্মঘটের কারণে প্রাইভেট হাসপাতালে চলে যেতে হচ্ছে। সন্ধ্যা পৌনে ৭টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত হাসপাতালে ইন্টার্ন চিকিৎসকদের চিকিৎসাসেবা বন্ধ ছিল।